# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর এর

মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)

০১ জুলাই, ২০১৮ - ৩০ জুন, ২০১৯

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর কর্তৃক কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩ |
| উপক্রমণিকা (Preamble) | ৪ |
| সেকশন ১ : জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ৫ |
| সেকশন ২ : জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৬ |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য | ৭ |
| সংযোজনী ১ : শব্দ-সংক্ষেপ (Acronyms) | ৯ |
| সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১০ |
| সংযোজনী ৩ : কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১১ |

## জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the District Government Public Library, Sherpur)

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর বিগত তিন বছর পাঠকদের জন্য ৩,৮৪৮ (তিন হাজার আটশত আটচল্লিশ) টি পুস্তক সংগ্রহ করেছে এবং পাঠকদের ব্যবহারের জন্য পাঠকক্ষে প্রেরণ করা হয়েছে । বিভিন্ন জাতীয় দিবসভিত্তিক রচনা, বইপাঠ, চিত্রাংকন, ছড়া ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতাসহ ২০ টি অনুষ্ঠান আয়োজন করেছে যাতে ৫৭৮৩ জন প্রতিযোগি অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদেরকে বই, ক্রেস্ট পুরস্কার এবং প্রশংসাব্যঞ্জক সনদ প্রদান করা হয়েছে। এ সময়ে জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর থেকে ২,০৭,৮৯৭ জন পাঠককে পাঠকসেবা এবং তথ্য ও রেফারেন্স সেবা প্রদান করা হয়েছে। এ সময়ে জেলা প্রশাসন, শেরপুর কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলা, ডিজিটাল মেলা, তথ্যমেলা, শিশুমেলা, বইমেলাসহ বিভিন্ন অনুষ্ঠানে সক্রিয় অংশগ্রহণ করা হয়েছে । বেসরকারি গণগ্রন্থাগার জরিপসহ ৯ টির তালিকাভুক্তকরণ কাজও সম্পন্ন করা হয়েছে। সরকার কর্তৃক ৫ ফেব্রুয়ারিকে জাতীয় গ্রন্থাগার দিবস ঘোষণা করায় ২০১৮ সালের ৫ ফেব্রুয়ারি যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সর্বসাধারণের পাঠাভ্যাস বৃদ্ধি এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত তথ্যসেবা প্রদান জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর প্রধানতম কাজ হওয়ায় এ কাজ সম্পাদনের আবশ্যিক পূর্বশর্ত হলো জনসাধারণের চাহিদামাফিক বই সংগ্রহ ও পাঠকদের মাঝে সরবরাহ করা এবং আধুনিক তথ্য-প্রযুক্তি-সম্বলিত তথ্যসেবা প্রদানের সুবিধাদি নিশ্চিত করা। পুস্তকের সংখ্যা-স্বল্পতা, স্থান সংকুলানে প্রতিকূলতা, জনবলের সীমাবদ্ধতা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে স্থিতিশীল নেটওয়ার্কের অপ্রতুলতা, জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর প্রধান সমস্যা। আকর্ষণীয় বহুতল বিশিষ্ট ভবন নির্মাণ এবং অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তণ জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর উল্লেখযোগ্য চ্যালেঞ্জ।

- **ভবিষ্যৎ পরিকল্পনা:**

স্বল্পমেয়াদি পরিকল্পনার মধ্যে প্রয়োজনীয় আসবাবপত্র সংযোজন, ইন্টারনেট সেবা সম্প্রসারণ। মধ্যমেয়াদি পরিকল্পনার আওতায় গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক অত্র গণগ্রন্থাগার ভবনের উর্দ্ধমূখী সম্প্রসারণ, সৌর বিদ্যুৎ ব্যবস্থা স্থাপন, ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন, শীতাপত নিয়ন্ত্রিত পাঠকক্ষ, একটি মাল্টিপারপাস হল নির্মাণ, অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন কার্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

**২০১৮-২০১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০১৮-২০১৯ অর্থ সালে গণগ্রন্থাগার অধিদপ্তর হতে সরবরাহকৃত সম্ভাব্য ১৩০০ খানা পুস্তক অন্তর্ভূক্তি করতঃ যথাসময়ে পাঠকদের জন্য পাঠকক্ষে বিতরণ।
- জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর ইন্টারনেট সেবার সম্প্রসারণ।
- জাতীয় দিবসসমূহে সম্ভাব্য ৭ টি প্রতিযোগিতার আয়োজন।
- জাতীয় দিবসসমূহে সম্ভাব্য ৫০০ জন প্রতিযোগীকে সনদ প্রদানের আয়োজন।
- ৫ ফেব্রুয়ারি যথাযোগ্য মর্যাদায় জাতীয় গ্রন্থাগারদিবস উদ্‌যাপন।

# উপক্রমণিকা (Preamble)

জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর পাঠকসেবা ও রেফারেন্স সেবার মানোন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সেবার সম্প্রসারণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি নিশ্চিতকরণ এ চুক্তির উদ্দেশ্য। এছাড়া শেরপুর জেলা সরকারি গণগ্রন্থাগারের স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে -

লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা -এর মধ্যে
২০ জুন ২০১৮ খ্রিস্টাব্দ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### শেরপুর জেলা সরকারি গণগ্রন্থাগার এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প(Vision)** : জ্ঞানমনস্ক আলোকিত সমাজ।

**১.২ অভিলক্ষ্য (Mission)** : জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে শেরপুর জেলার সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধা-সম্বলিত সময়-সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদাণের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

**১.৩.১ শেরপুর জেলা সরকারি গণগ্রন্থাগার এর কৌশলগত উদ্দেশ্য :**

১. পাঠকসেবার মানোন্নয়ন।
২. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

**১.৪ কার্যাবলি (Functions):**

১. জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর পাঠক-চাহিদা মোতাবেক প্রাপ্ত পাঠসামগ্রী সংগঠন, বিন্যাস, সংরক্ষণ ও বিতরণ (Dissemination)।
২. পাঠাভ্যাস বৃদ্ধি উৎসাহিতকরণে জাতীয় দিবসসমূহে বিভিন্ন প্রতিযোগিতা যেমন- রচনা, বইপাঠ, ছড়া ও কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কণ অনুষ্ঠান এবং পুরস্কার ও সনদ প্রদান।
৩. পাঠকসেবা, রেফারেন্স ও তথ্যসেবা, CAS/SDI সেবা এবং পুস্তক লেনদেন সেবা বৃদ্ধিকরণ।
৪. গ্রন্থাগারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-ভিত্তিক ইন্টারনেট সেবা প্রদান।
৫. শেরপুর জেলার বেসরকারি গণগ্রন্থাগারসমূহ তালিকাভূক্তিকরণ।

# সেকশন ২
# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ২০১৬-১৭ প্রকৃত অর্জন* | ২০১৭-১৮ প্রকৃত অর্জন* | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ **Target/Criteria Value for FY(2018-19)** | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০১২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতিমান | চলতিমানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| শেরপুর জেলা সরকারি গণগ্রন্থাগারের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] পাঠকসেবার মানোন্নয়ন | ৬৫ | [১.১] পাঠকসেবা | পাঠক উপস্থিতি | সংখ্যা (হাজার) | ১৫ | ৬৯.০০ | ৭০.০০ | ৭০.১০ | ৬৩.৩৫ | ৫৬.৩০ | ৪৯.৩৫ | ৪২.৩০ | ৭০.১৫ | ৭০.২০ |
| | | [১.২] রেফারেন্স সেবা | পাঠক উপস্থিতি | সংখ্যা (হাজার) | ১৫ | - | ৩.০০ | ৩.৫০ | ৩.৪০ | ৩.৩০ | ৩.২০ | ৩.১০ | ৩.৬০ | ৩.৭০ |
| | | [১.৩] প্রতিযোগিতা/ অনুষ্ঠানের সংখ্যা | অনুষ্ঠান | সংখ্যা | ১০ | ৭ | ৭ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ৭ | ৭ |
| | | [১.৪] প্রতিযোগিতা অনুষ্ঠান | অংশগ্রহণকারী | সংখ্যা (হাজার) | ১০ | ০.৪০ | ০.৫০ | ০.৫১ | ০.৪৬ | ০.৪১ | ০.৩৬ | ০.৩১ | ০.৫২ | ০.৫৩ |
| | | [১.৫] পাঠসামগ্রী সংগ্রহ | পুস্তক সংখ্যা | সংখ্যা (হাজার) | ১০ | ১.৩০ | ১.৩০ | ১.৩০ | ১.২৫ | ১.২০ | ১.১৫ | ১.১০ | ১.৩১ | ১.৩২ |
| | | [১.৬] জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন | দিবস উদ্‌যাপন | তারিখ | ৫ | - | ৫ ফেব্রু. ১৮ | ৫ ফেব্রু. ১৯ | - | - | - | - | - | - |
| [২] তথ্য ও যোগাযোগ সেবার সম্প্রসারণ | ১৫ | [২.১] ইন্টারনেট সেবা প্রদান | অংশগ্রহণকারী | সংখ্যা (হাজার) | ১৫ | ১.০০ | ১.১০ | ১.১৫ | ১.০০ | ০.৯০ | ০.৮০ | ০.৭০ | ১.১৬ | ১.১৭ |

আমি লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর, গণগ্রন্থাগার অধিদপ্তর এর মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি, মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষর:



লাইব্রেরিয়ান　　　　　　　　　　　　　　　　　　তারিখ : ২০/০৬/২০১৮
জেলা সরকারি গণগ্রন্থাগার,
শেরপুর।



মহাপরিচালক　　　　　　　　　　　　　　　　　　তারিখ : ২০/০৬/২০১৮
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

সংযোজনী-১

# শব্দ-সংক্ষেপ (Acronyms)

1. A2I = Access to Information.
2. APA = Annual Performance Agreement.
3. CAS/SDI = Current Awareness Service / Selective Dissemination of Information.
4. FY = Fiscal Year.

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয় এবং পরিমাপ পদ্ধতির বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | পাঠকসেবা ও রেফারেন্স সেবা প্রদান | পাঠক উপস্থিতি | জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর মাধ্যমে পাঠকসেবা ও রেফারেন্স সেবা কার্যক্রম সম্পাদন। | জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর । | বাস্তব গণনা, জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর পাঠক গণনা রেজিস্টার, পাঠক মন্তব্য রেজিস্টার | |
| ২ | প্রতিযোগিতা/অনুষ্ঠান আয়োজন | অনুষ্ঠান/অংশগ্রহণকারীর সংখ্যা | জেলা পর্যায়ে জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠানাদি সম্পন্নকরণ, পুরস্কার ও সনদ বিতরণ। | জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর । | বাস্তব গণনা, জেলা সরকারি গণগ্রন্থাগারের সংশ্লিষ্ট রেজিস্টার | |
| ৩ | বিদ্যমান গণগ্রন্থাগারের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ | সংগৃহীত পুস্তকের সংখ্যা | গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর জন্য বই সংগ্রহ। | গণগ্রন্থাগার অধিদপ্তর ও জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর । | বাস্তব গণনা, জেলা সরকারি গণগ্রন্থাগারের বিদ্যমান পরিসংখ্যান ও অন্তর্ভুক্তি রেজিস্টার | |
| ৪ | ইন্টারনেট সেবা প্রদান | ব্যবহারকারী | জেলা পর্যায়ে গণগ্রন্থাগার কর্তৃক ইন্টারনেট সেবা প্রদান। | জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর । | বাস্তব গণনা, জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর সংশ্লিষ্ট রেজিস্টার | |
| ৫ | জাতীয় গ্রন্থাগার দিবস উদ্‌যাপন | দিবস উদ্‌যাপন | জেলা পর্যায়ে গ্রন্থাগার দিবস উদ্‌যাপন। | গণগ্রন্থাগার অধিদপ্তর ও জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর । | বাস্তব গণনা, জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর এর সংশ্লিষ্ট রেজিস্টার | |

## সংযোজনী ৩ :
## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| | | | | | |

[ প্রযোজ্য নয় ]